গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারন প্রশাসন শাখা
www.dshe.gov.bd

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২৪.৩৫৬২

বিষয়: **শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসংগে।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৯৪; তারিখ: ০৩ মে ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ০৩ মে ২০২৪ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.২৩. ০০১.২৪.৩৯৪ সংখ্যক পত্রের ছায়ালিপি (সংলগ্নীসহ) সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

১৩-০৫-২০২৪
বিপুল চন্দ্র বিশ্বাস
উপপরিচালক
০২৪১০৫২১৭৩
dd-admin@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিঃ ও উন্নঃ/প্রশিক্ষণ/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন/ ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৩। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষন ইনস্টিটিউট (সকল);
৪। অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
৫। উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) ;
৬। জেলা শিক্ষা অফিসার (সকল);
৭। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (সকল) এবং
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর:

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্ত অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৯৪

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী ৪র্থ বারের মত জাতীয়ভাবে 'শেখ রাসেল দিবস ২০২৪' উদযাপিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে শেখ রাসেল পদক ২০২৪ এর জন্য আবেদন আহবান করে ২৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। আবেদনের শেষ সময় ১৫ মে ২০২৪ খ্রি. রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। ০২টি দৈনিক ইংরেজী ও ০৫টি বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়েছে। ৬টি বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল ও ১০টি অনলাইন নিউজ পোর্টালে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিটি প্রচার করা হচ্ছে। সকল মোবাইল ব্যবহারকারীর নিকট বিজ্ঞপ্তি পৌঁছানোর নিমিত্ত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে অনুরোধ করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের সাথে অবহিতকরণ সভা করা হয়েছে।

০২। শেখ রাসেল পদক প্রদানের উদ্দেশ্য হলো ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোররা শেখ রাসেলের মানবিক গুণাবলি হৃদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হিসেবে গড়ে তোলা। ব্যক্তিগত ৮টি ও প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করা হবে। প্রতিক্ষেত্রে বিজয়ীরা ১৮ ক্যারেটের ১ ভরি ওজনের একটি স্বর্ণপদক, সম্মাননাপত্র ও একটি উন্নতমানের ল্যাপটপ পাবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮ অক্টোবর ২০২৪ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় বিজয়ীদের হাতে উক্ত পুরস্কার তুলে দিবেন আশা করা যাচ্ছে। জাতীয় পর্যায়ে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর ব্যক্তিগত ৮টি ক্ষেত্রে ও শিশু-কিশোরদের শিক্ষা/উন্নয়নের সাথে সম্পৃক্ত সরকারি/বেসরকারি বাংলাদেশী প্রতিষ্ঠানসমূহ প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে আবেদন করতে পারবে। www.award.sheikhrussel.gov.bd প্লাটফর্মে নিবন্ধন ও আবেদন করা যাবে। www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য রয়েছে।

০৩। এমতাবস্থায়, অধীনস্থ দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেল পদক ২০২৪-বিজ্ঞপ্তির অধিক প্রচার, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। শেখ রাসেল পদক-২০২৪ বিজ্ঞপ্তি
২। শেখ রাসেল পদক নীতিমালা ২০২২

০৩-০৫-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪৮০৫২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

২. অফিস কপি।

০৩-০৩-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৪৩.২৪.২১৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

# বিজ্ঞপ্তি

**বিষয়: 'শেখ রাসেল পদক ২০২৪' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে **'শেখ রাসেল পদক ২০২৪'** প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ২৮ মার্চ |
| আবেদন দাখিল | ০১ এপ্রিল - ১৫ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ১৬ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২১, ২০২২ ও ২০২৩ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৪' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

২৭/০৩/২০২৪

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd